

প্রেস বিজ্ঞপ্তি

দেশের উত্তরাঞ্চল, মধ্যাঞ্চল ও হাওড়ভুক্ত এলাকায় কৃষকদের পুনর্বাসন বাবদ ১৩৬ কোটি ৯৯ লক্ষ ৯৯
হাজার ৫ শত ৫১ টাকার কোটি টাকার সার-বীজ ও নগদ সহায়তা প্রদান।

ঢাকা, ১৯ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ; ০৩ অক্টোবর, ২০১৭ খ্রিঃ

বন্যায় ক্ষতিগ্রস্ত দেশের ২৪টি জেলার কৃষকদের মাঝে সরকার ১৩৬ কোটি ৯৯ লক্ষ ৯৯ হাজার ৫ শত ৫১ টাকার সার-বীজ ও নগদ সহায়তা বিতরন করবেন বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এমপি। তিনি আজ মঙ্গলবার (০৩ অক্টোবর) কৃষি মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বাংলাদেশ সচিবালয়ে সংবাদ সম্মেলনে এ কথা বলেন।

ইতিমধ্যে সরকার বর্তমান অর্থ বছরে ৬৪ জেলায় ৫ লক্ষ ৪১ হাজার ২ শত ০১ জন ক্ষুদ্র ও প্রাতিক কৃষকে ১০টি ফসলের আবাদ বৃক্ষির জন্য বীজ, ডিএপি ও এমওপি সার সহায়তা প্রদানের লক্ষ্যে ৫৮ কোটি ৭৫ লক্ষ ৭৯ হাজার ৩ শত ৮৫ টাকার প্রণোদনা প্রদান করেছে।

তিনি বলেন কৃষি প্রণোদনা কার্যক্রমের পাশাপাশি কৃষি মন্ত্রণালয় পাহাড়ী ঢল ও আকস্মিক বন্যায় ক্ষতিগ্রস্ত হাওড়ভুক্ত সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, নেত্রকোণা ও কিশোরগঞ্জ এ ৬ টি জেলায় চলতি পুনর্বাসন কার্যক্রমের আওতায় বোরো/২০১৭-১৮ মৌসুমে বিনামূল্যে বোরো ধানের বীজ, ডিএপি ও এমওপি সার এবং নগদ সহায়তা বাবদ ৬ লক্ষ ক্ষুদ্র ও প্রাতিক কৃষককে ১ শত ১৭ কোটি টাকার বীজ, ডিএপি ও এমওপি সার এবং নগদ ১ হাজার টাকা করে প্রদান করা হচ্ছে।

তিনি আরও বলেন তাছাড়া দেশের উত্তর ও মধ্যাঞ্চলে চলতি বছর বন্যায় ক্ষতিগ্রস্ত নওগাঁ, কুড়িগ্রাম, জামালপুর, দিনাজপুর, বগুড়া, টাঙ্গাইল, সিরাজগঞ্জ, রাজশাহী, রংপুর, নাটোর, নীলফামারী, গাইবান্ধা, ঠাকুরগাঁও, লালমনিরহাট, পঞ্চগড়, জয়পুরহাট, শেরপুর, ব্রাহ্মণবাড়িয়াসহ মোট ১৮ টি জেলার ক্ষুদ্র ও প্রাতিক কৃষকদের ক্ষতি পুষিয়ে নেওয়ার লক্ষ্যে ১ লক্ষ ৭৬ হাজার ২ শত ০২ জন কৃষককে রবি/ ২০১৭-১৮ মৌসুমে ১৯ কোটি ৯৯ লক্ষ ৯৯ হাজার ৫ শত ৫১ টাকায় গম, ভূট্টা, সরিষা, চিনাবাদাম, খেসারি, বোরো ধান চাষে বিনামূল্যে বীজ, ডিএপি ও এমওপি সার এবং শাকসজ্জীর বীজ সহায়তা প্রদান করা হচ্ছে।

অর্থাৎ সরকার বোরো ২০১৭-১৮ এবং রবি ২০১৭-১৮ মৌসুমে ৭ লক্ষ ৭৬ হাজার ২ শত ২ জন কৃষককে পুনর্বাসন বাবদ ১৩৬ কোটি ৯৯ লক্ষ ৯৯ হাজার ৫ শত ৫১ টাকার সার-বীজ ও নগদ সহায়তা প্রদান করছে।

কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোহাম্মদ মস্টিনউদ্দীন আবদুল্লাহ সহ কৃষি মন্ত্রণালয়ের উর্ধ্বর্তন কর্মকর্তাবৃন্দ এবং অধীন দণ্ডনির্দেশনা প্রধান সহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।


১০.১৭
বিবেকানন্দ রায়

সিনিয়র তথ্য অফিসার
কৃষি মন্ত্রণালয়,
মোবাইল: ০১৭১১-৮১৫৮৮১
ফোনঃ ৯৫১৪৭৭৬
E-mail: vivekroy07@yahoo.com